



হতিরঝিল প্রকল্প এলাকায় ফ্ল্যাট বরাদ্দের

প্রসপেক্টাস -২০১৯

(ক্ষতিগ্রস্তদের জন্য)

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা-১০০০।
website: www.rajukdhaka.gov.bd
e-mail: chairman@rajukdhaka.gov.bd



রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

www.rajukdhaka.gov.bd

জমির অবস্থান	:	হাতিরবিলা ফ্ল্যাট প্রকল্প
ফ্ল্যাট সংখ্যা	:	৫৬ টি ফ্ল্যাট।
ফ্ল্যাটের অবস্থান ও তথ্যাদির বিবরণ	:	রাজউকের আওতাধীন হাতিরবিলা প্রকল্প এলাকায় নিজস্ব অর্থায়নে টঙ্গী ডাইভারসন রাস্তার পূর্ব পাশে {(ডিপিডিসি সাব স্টেশন এর পিছনে) লেকের সাথে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ০১টি বেজমেন্টসহ ১৫(পনের) তলা বিশিষ্ট স্ট্যান্ডার্ড সাইজ ০১(একটি) টি এপার্টমেন্ট ভবন (ক্ষতিগ্রস্তদের জন্য) }০.৯৩ একর জমির উপর পাশাপাশি নির্মাণ করা হয়েছে। যার প্রতিটি ফ্লোরে ০৪(চার)টি ইউনিট রয়েছে। উক্ত ভবনে স্ট্যান্ডার্ড সাইজের প্রতিটি ইউনিট এর নেট এরিয়া ৮৭৫.০০ বর্গফুট, গ্রস এরিয়া ১০৯০.০০ বর্গফুট।

১.০ আবেদনপত্র দাখিল সংক্রান্ত তথ্যাবলী:

(ক) আবেদনকারীর যোগ্যতা:

আবেদনকারীর বয়স অবশ্যই ১লা জুন ২০১৯ তারিখে ন্যূনতম ১৮ (আঠার) বছর হতে হবে। আবেদনকারীর অবশ্যই নিজস্ব আয় থাকতে হবে এবং এর সমর্থনে প্রমাণক দাখিল করতে হবে।

(খ) কোনো আবেদনকারী রাজউক বা অন্য কোনো সরকারী সংস্থা হতে জমি/বাড়ি/প্লট/ফ্ল্যাট ইত্যাদি বরাদ্দ পেয়ে থাকেন তবে তিনি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। যদি কোনো আবেদনকারী উক্ত শর্ত ভঙ্গ করে থাকেন তবে তার আবেদনপত্র বাতিল করা হবে এবং দরখাস্তের সহিত প্রদত্ত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে। এমনকি ফ্ল্যাট বরাদ্দের পরও উক্তরূপ শর্ত ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে বরাদ্দ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২.০ প্রসপেক্টাস ও আবেদনপত্র ক্রয় ও দাখিল:

ক) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের হাতিরবিলা প্রকল্প এলাকায় আধুনিক সুযোগ সুবিধাসহ ৫৬টি ফ্ল্যাট বরাদ্দের জন্য আত্রহী হাতিরবিলা প্রকল্পে ক্ষতিগ্রস্ত বাংলাদেশী নাগরিকগণকে রাজউকের নির্ধারিত আবেদন ফরমে আগামী খ্রিঃ তারিখের মধ্যে ব্যাংক চলাকালীন সময়ে আবেদনপত্র জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, যে ব্যাংক হতে আবেদনপত্র সংগ্রহ করা হবে সে ব্যাংকেই জমা প্রদান করতে হবে।

খ) রাজউক ভবনস্থ অত্রণী ব্যাংক লিমিটেড, কর্পোরেট শাখা হতে নগদ টাঃ ৩,০০০/- (তিন হাজার) মাত্র (অফেরযোগ্য) প্রদান করে খ্রিঃ তারিখ হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাবে।

গ) রাজউক ওয়েব সাইট (www.rajukdhaka.gov.bd) হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে জামানতের অর্থ 'চেয়ারম্যান, রাজউক হাতিরবিলা প্রকল্প এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে ২(খ) নং অনুচ্ছেদের বর্ণিত ব্যাংকের শাখায় আবেদনপত্র জমা প্রদান করা যাবে। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ নগদ টাঃ ৩,০০০/- (তিন হাজার) মাত্র (অফেরযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করতে হবে।

ঘ) বিদেশে অবস্থানরত ক্ষতিগ্রস্ত বাংলাদেশী নাগরিকগণ রাজউক ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) হইতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে 'চেয়ারম্যান, রাজউক এর বরাবরে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ ৪০/- (চল্লিশ) মার্কিন ডলার (অফেরযোগ্য) জামানতের সঙ্গে জমা প্রদান করতে হবে।

- ৩.০ ক) আবেদনকারী (স্থানীয় অধিবাসীদের ক্ষেত্রে) জামানত বাবদ টাকা-২,০০,০০০/- (দুই লক্ষ) মাত্র 'চেয়ারম্যান, রাজউক এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে এবং বিদেশে অবস্থানরত ক্ষতিগ্রস্ত নাগরিকদের জামানত বাবদ ২৫০০/- (দুই হাজার পাঁচশত) মার্কিন ডলার মাত্র চেয়ারম্যান, রাজউক এর বরাবরে এফডিডি/টিটি এর মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ্য, ঢাকা সিটি কর্পোরেশনের অধিভুক্ত অধিবাসীদের ক্ষেত্রে জামানতের অর্থ পে-অর্ডারের মাধ্যমে এবং উক্ত এলাকার বাইরের অধিবাসীদের ক্ষেত্রে টি.টি-এর মাধ্যমে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হবে।
- খ) বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণের জন্য :
- (i) জামানতের অর্থ 'চেয়ারম্যান, রাজউক এর অনুকূলে Wiretransfer /টি.টি এর মাধ্যমে Agrani Bank Limited, Foreign Exchange Corporate Branch, I/B, RAJUK, Avenue, Motijheel C/A, Dhaka, FCAD Account No. 003, EURO A/C-001 তে প্রেরণ করতে হবে।
- ৩.০ আবেদনকারীগণকে নিম্নে বর্ণিত কাগজপত্রাদি মূল আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে :-
- (১) আবেদনপত্র ও প্রসপেক্টাস ক্রয়ের মূল ব্যাংক রশিদ এবং জমাকৃত জামানতের মূল ব্যাংক রশিদ।
- (২) আবেদনকারীর সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- (৩) আবেদনকারীর বয়স এবং নাগরিকত্ব প্রমাণের জন্য ভোটার আইডি কার্ডের সত্যায়িত প্রতিলিপি। ভোটার আইডি কার্ড যদি না থাকে তাহা হইলে বয়স প্রমাণের জন্য এস.এস.সি বা সমমানের পরীক্ষার সনদপত্র/জন্ম সনদপত্র/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের এবং নাগরিকত্ব প্রমাণের জন্য পাসপোর্ট বা মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূল/সত্যায়িত প্রতিলিপি।
- (৪) সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয় হতে ইস্যুকৃত এওয়ার্ড সার্টিফিকেট এর মূল কপি দাখিল করতে হবে।
- ৪.০ আবেদনপত্র দাখিল সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলীঃ
- ক) আবেদনকারীগণ আবেদনপত্রের সাথে ০৯ নং ক্রমিকে নিজ নিজ পেশা উল্লেখ করবেন।
- খ) নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।
- গ) ঘষামাজা/কাটাছেঁড়া এওয়ার্ড সার্টিফিকেট বিবেচনা করা হবে না।
- ৫.০ উল্লিখিত প্রতি বর্গফুট ফ্ল্যাটের মূল্য ৪,০০০/- (চার হাজার) মাত্র , কার পার্কিং প্রতিটি ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) মাত্র, ইউলিটি প্রতিটি টাকা ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) মাত্র।